

# সমকাল

## বেসরকারি নতুন ৬ কলেজের অনুমোদন

৯ ঘন্টা আগে

### সমকাল প্রতিবেদক

বেসরকারি নতুন ৬টি কলেজের অনুমোদন দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এ সংক্রান্ত অফিস আদেশ জারি করে।

এতে উল্লেখ করা হয়- ঢাকা, ময়মনসিংহ, দিনাজপুর, রাজশাহী ও সিলেট শিক্ষা বোর্ডের সুপারিশে এসব প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান করা হয়েছে।

কলেজগুলো হচ্ছে- শেরপুরের বিনাইগাতীতে আলহাজ্য এস. এম. এ ওয়াজেদ নাসীম মডেল কলেজ, কুড়িগ্রামের রাজিবপুরে মোহনগঞ্জ আদর্শ কলেজ, মানিকগঞ্জের গোলাম মনির হোসেন মহিলা কলেজ, সিরাজগঞ্জের রায়গঞ্জে শহিদুল কামরঞ্জাহার কলেজ, সিলেটের গোলাপগঞ্জে কাওছারাবাদ কলেজ এবং ঢাকার ধামরাই মডেল কলেজ।

তবে শর্ত হচ্ছে, কলেজ প্রতিষ্ঠার অনুমোদনপ্রাপ্তির তিন মাসের মধ্যে জমি ক্রয় এবং এক বছরের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে। কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সঙ্গে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না। পাঠদানের অনুমতি চাওয়ার আগে অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ করতে হবে। কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

© সমকাল 2005 - 2018

তারপ্রাপ্ত সম্পাদক : মুন্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)